

## 72210 - মুদ্রা ব্যবসার ভুক্তি

## প্রশ্ন

আমি মুদ্রার (FOREX Market) বিনিয়োগ সম্পর্কে তথ্যাদি সন্ধান করছি; যেমনটি সমকালীন অবস্থা। বর্তমানে এটি এত বেশি প্রসার লাভ করেছে যে, মানুষ লাভ করার জন্য ইউরোতে বিনিয়োগ করছে। একজন ব্রোকার সবসময় আমাকে ফোন করে যাতে করে আমি আমেরিকান ডলার ও ইউরোতে বিনিয়োগ করি। মুদ্রা ব্যবসা কি জায়েয়?

## প্রিয় উত্তর

মুদ্রা বিনিয়োগ ব্যবসা জায়েয়। শর্ত হলো: একই বৈঠকে প্রদান ও গ্রহণ সম্পাদিত হতে হবে। ডলারের বিনিয়োগে ইউরো বিক্রি করা জায়েয়; শর্ত হলো একই বৈঠকে গ্রহণ ও প্রদান সংঘটিত হতে হবে। আর যদি একই মুদ্রার বিনিয়োগ হয়; যেমন এক ডলারের বিনিয়োগে দুই ডলার তাহলে সেটা জায়েয় নয়। যেহেতু এটি রিবাল ফাদল (বৃদ্ধিগত সুদ)। তাই যদি একই মুদ্রার বিনিয়োগ হয় তাহলে উভয়টি সমান সমান হওয়া ও একই মজলিসে আদান-প্রদান সম্পাদিত হওয়া আবশ্যিক। এর দলিল হচ্ছে উবাদা বিন সামেত (রাঃ) এর হাদিস; তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “স্বর্ণের বিনিয়োগে স্বর্ণ, রৌপ্যের বিনিয়োগে রৌপ্য, গমের বিনিয়োগে গম, যবের বিনিয়োগে যব, খেজুরের বিনিয়োগে খেজুর, লবণের বিনিয়োগে লবণ সমান সমান ও হাতে হাতে হওয়া। আর যদি শ্রেণীগুলো ভিন্ন হয় তাহলে যেভাবে ইচ্ছা সেভাবে বিক্রি করতে পার; যদি হাতে হাতে হয়।”[সহিহ মুসলিম (১৫৮৭)]

শাইখ বিন বাযের ফতোয়াসমগ্রতে (১৯/১৭১-১৭৪) এসেছে: “মুদ্রাগুলোর মধ্যে বেচাকেনার লেনদেন জায়েয়। কিন্তু শর্ত হলো আদান-প্রদান হাতে হাতে সম্পাদিত হওয়া; যদি মুদ্রাগুলো আলাদাশ্রেণীর হয়। তাই কেউ যদি লিবিয়ান মুদ্রার বিপরীতে আমেরিকান মুদ্রা বিক্রি করে কিংবা মিসরী মুদ্রা বা অন্য কোন মুদ্রার বিপরীতে বিক্রি করে এবং হাতে হাতে বিনিয়োগ হয় তাহলে কোন অসুবিধা নাই। যেমন কেউ লিবিয়ান মুদ্রা দিয়ে নগদে কিছু ডলার কিনল। একই মজলিসে সে এটি গ্রহণ করল এবং অন্যজন অন্যটি গ্রহণ করল। কিংবা মিসরী মুদ্রা কিংবা ইংল্যান্ডের মুদ্রা কিংবা অন্যকোন মুদ্রা লিবিয়ান মুদ্রার বিনিয়োগে খরিদ করল হাতে হাতে; এতেও কোন অসুবিধা নাই। আর যদি বাকীতে খরিদ করে তাহলে জায়েয় হবে না। অনুরূপভাবে একই মজলিসেও যদি একহাতে দেয়া অন্য হাতে নেয়া সংঘটিত না হয় তাহলেও জায়েয় হবে না। কেননা সেটি এক প্রকার সুদী কারবার। তাই অবশ্যই একই মজলিসে হাতে হাতে সংঘটিত হতে হবে; যদি মুদ্রাগুলো ভিন্ন শ্রেণীর হয়। আর যদি এক শ্রেণীর হয় তাহলে দুটো শর্ত পূর্ণ হতে হবে: সমান সমান হওয়া এবং একই মজলিসে এক হাতে নেওয়া অন্য হাতে দেওয়া। দলিল হচ্ছে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের হাদিস: “স্বর্ণের বিনিয়োগে স্বর্ণ, রৌপ্যের বিনিয়োগে রৌপ্য...”।

মুদ্রা ব্যবসার ভুক্তি যেমনটি পূর্বে উল্লেখ করা হয়েছে। যদি আলাদা শ্রেণীর হয় তাহলে একই মজলিসে হাতে হাতে আদান-প্রদানের সাথে বেশি বা কমে বিনিয়োগ করা জায়েয়। আর যদি একই শ্রেণীর হয় যেমন- ডলারের বিনিয়োগে ডলার কিংবা দিনারের বিনিয়োগে

দিনার সেক্ষেত্রে একই মজলিসে এক হাতে আদান ও অন্য হাতে প্রদান এবং সমান সমান হওয়া শর্ত। আল্লাহই  
তাওফিকদাতা।”[সমাঞ্জ]